সংবাদ

তারিখ ৩১ DEC 2017
পৃষ্ঠা ৪ কলাম ২

# জাবির সিনেট নির্বাচনের ভোটগ্রহণ সম্পন্ন

প্রতিনিধি, জাবি

কোনরকম অপ্রীতিকর ঘটনা ছাড়াই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। আওয়ামীপন্থিদের ২টি প্যানেল, বিএনপিপন্থির একটি প্যানেল ও স্বতন্ত্র ৪৪ জন প্রার্থীদের কোন অভিযোগ ছাড়াই সম্পন্ন হলো ভোটগ্রহণ। গতকাল সকাল ৯টা থেকে সিনেট নির্বাচনের ভোটগ্রহণ শুরু হয়ে বিকেল ৪টা পর্যন্ত চলে।

নির্বাচনের রিটার্নিং অফিসার ও বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ মো. মনজুরুল হক জানান, কোনরকম ঝামেলা ছাড়াই সুষ্ঠুভাবে নির্বাচনের ভোটগ্রহণ শেষ হয়েছে। এখন চলছে ভোট গণনার কাজ। গণনা শেষ হওয়া মাত্র নির্বাচনের ফলাফল প্রকাশ করা হবে। বিশ্ববিদ্যালয়ের মধ্যেই কলা ও মানবিকী অনুষদ (নতুন) ভবন ও সমাজবিজ্ঞান অনুষদ ভবনে ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে। এতে ৪৩৭৩ জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট ভোটারের মধ্যে ৩৬৩৫ জন ভোটাধিকার প্রয়োগ করেছে। যা মোট ভোটের ৮৩ শতাংশ।

সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধিদের জন্য নির্দিষ্ট ২৫টি আসনের বিপরীতে ১১৯ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। আওয়ামীপন্থিরা দুটি প্যানেলে বিভক্ত হয়ে 'বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী প্রগতিশীল জোট' এবং 'বঙ্গবন্ধুর আদর্শ, মুক্তিযুদ্ধের চেতনা ও প্রগতিশীল গ্র্যাজুয়েট মঞ্চ' ও বিএনপিপন্থি গ্র্যাজুয়েটরা একক প্যানেলে প্রতিদ্বন্দ্বিতা করেন। এছাড়া স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করেছেন ৪৪ জন।

প্রসঙ্গত, বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের ১৯ (১) (আই) ধারা অনুযায়ী, সিনেটে ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনের লক্ষ্যে ১৯৯৮ সালের ২৯ এপ্রিল সর্বশেষ নির্বাচন অনুষ্ঠিত হয়। যার মেয়াদ শেষ হয় ২০০১ সালে। ফলে প্রতি ৩ বছর অন্তর নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও দীর্ঘ ১৬ বছর পর অনুষ্ঠিত হল কাঙ্ক্ষিত এই নির্বাচন। নির্বাচিত রেজিস্টার্ড গ্র্যাজুয়েটরা ৩ বছরের জন্য সিনেটে প্রতিনিধিত্ব করবেন।